















## ০১ অনুদান পেল ২২ পূর্ণদৈর্ঘ্য ও ৬ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র

প্রতি বছর চলচ্চিত্র নির্মাণে উৎসাহ দেওয়ার জন্য সরকার অনুদান প্রদান করে। ২০২২-২৩ অর্থবছরের জন্য ২২টি পূর্ণদৈর্ঘ্য এবং ৬টি স্বল্পদৈর্ঘ্য সিনেমাকে অনুদান দেওয়া হয়েছে। এ বছর পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র বিভাগে ‘সার্কাস’ সিনেমার জন্য সর্বোচ্চ ৬৫ লাখ টাকা অনুদান পেয়েছেন নূর ইমরান মিঠু ও মাতিয়া বানু শুকু। এবার মুক্তিযুদ্ধভিত্তিক ও শিশুতোষ শাখায় ৪টি এবং সাধারণ শাখায় ১৮টি সিনেমাকে অনুদান দেওয়া হয়। ২০২২-২৩ অর্থবছরে ১টি মুক্তিযুদ্ধভিত্তিক, ১টি শিশুতোষ, ২টি প্রামাণ্যচিত্র এবং ২টি সাধারণ শাখায় মোট ৬টি স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রে অনুদান দেওয়া হয়েছে।

## ০২ নির্মলেন্দু গুণের কবিতায় গান তৈরি করলেন বেলাল খান

কবি নির্মলেন্দু গুণের কবিতা থেকে গান বাঁধলেন সুরকার ও কণ্ঠশিল্পী বেলাল খান। নির্মাতা সোহেল রানা বয়াতির প্রথম সিনেমা ‘নয়া মানুষ’ সিনেমার জন্য তৈরি হয়েছে গানটি। কবির ‘বাংলার মাটি বাংলার জল’ কাব্যগ্রন্থের ‘পুরো মানুষের গান’ কবিতা থেকে তৈরি হলো সিনেমার ‘মানুষ’ শিরোনামের গানটি। গানের সুর ও কণ্ঠ দিয়েছেন বেলাল খান। সংগীত আয়োজন করেছেন শোভন রায়।

## ০৩ রবি ঠাকুরের চরিত্রে অনুপম খের

অনুপম খের তার ক্যারিয়ারে পাঁচ শতাধিক সিনেমায় অভিনয় করেছেন। এই গুণী তারকা প্রায় সব রকমের চরিত্রেই অভিনয় করেছেন। এবার তিনি পর্দায় হাজির হবেন কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের বেশে। সামাজিক যোগাযোগমাধ্যমে বলিউড অভিনেতা অনুপম খেরের একটি ছবি প্রকাশের পর রবি ঠাকুরের লুকে সকলকে বেশ চমকেই দিয়েছেন দর্শকদের।

## ০৪ হাশিম মাহমুদের লেখা গানে কোক স্টুডিও বাংলার ‘কথা কইয়ো না’

হাওয়া সিনেমার ‘সাদা সাদা কালা কালা’ গানটি গত বছর সারা দেশে শ্রোতাদের মাঝে তুমুল জনপ্রিয়তা পেয়েছিল। হাশিম মাহমুদের লেখা ও সুরে গানটির সংগীতায়োজন করেছিলেন ইমন চৌধুরী, কণ্ঠ দিয়েছিলেন এরফান মৃধা শিবলু। এ গান দিয়েই শ্রোতাদের কাছে পরিচিতি পান হাশিম মাহমুদ ও শিবলু। সুপারহিট এ গানের ত্রয়ী আবার ফিরেছেন ‘কথা কইয়ো না’ শিরোনামের নতুন গান নিয়ে। গানটি লিখেছেন হাশিম মাহমুদ, সুর ও সংগীত ইমন চৌধুরীর। গেয়েছেন এরফান মৃধা শিবলু। তাদের সঙ্গে ছিলেন ময়মনসিংহ গীতিকা আলেয়া বেগম।

## ০৫ চার বছর পর আবারও কলকাতার সিনেমায় আরিফিন শুভ

ঢাকাই সিনেমার জনপ্রিয় চিত্রনায়ক আরিফিন শুভ। দেশের পাশাপাশি কলকাতার সিনেমাতেও কাজ করেছেন তিনি। দীর্ঘ চার বছর পর আবারও ওপার বাংলার সিনেমায় নাম লেখালেন তিনি। ২০১৯ সালে রঞ্জন ঘোষের ‘আহা রে’ সিনেমার হাত ধরে টালিউডে অভিষেক ঘটে আরেফিন শুভর। অরিন্দম শীলের পরিচালনায় ‘১৯শে এপ্রিল’ সিনেমায় অভিনয় করবেন তিনি। ১৯৭৬ সালে কলকাতায় ঘটে যাওয়া এক চাঞ্চল্যকর মৃত্যুরহস্যের গল্পে সিনেমাটি নির্মাণ করা হচ্ছে। সিনেমায় ইন্দ্রনাথ গুহর চরিত্রে অভিনয় করেছেন আরিফিন শুভ।







### ০৬ কলকাতায় আজীবন সম্মাননা পেলেন আফজাল হোসেন

কলকাতায় আজীবন সম্মাননা পেলেন নির্মাতা ও অভিনেতা আফজাল হোসেন। ৪ জুন টেলিসিনে অ্যাওয়ার্ডের ২০তম আসরে তার হাতে এই সম্মাননা তুলে দেওয়া হয়। সম্প্রতি আফজাল হোসেন শেষ করেছেন তার পরিচালিত 'মানিকের লাল কাঁকড়া' সিনেমার কাজ। মুক্তির অপেক্ষায় আছে সিনেমাটি। এ ছাড়া তিনি অভিনয় করেছেন ফরিদুর রেজা সাগরের 'একা' গল্প অবলম্বনে নির্মিত সৈয়দ সালাহউদ্দিন জাকীর পরিচালনায় 'অপরাজেয়' সিনেমায়।




### ০৭ চার বছর পর বড় পর্দায় ফিরছেন বিদ্যা বালান

চার বছরের অপেক্ষা শেষে বড় পর্দায় ফিরছেন বিদ্যা বালান 'নিয়ত' সিনেমায় গোয়েন্দা চরিত্রে অভিনয় করার মাধ্যমে। অনু মেনন পরিচালিত সিনেমায় হত্যা রহস্যের কিনারা করবেন সত্যসন্ধানী বিদ্যা বালান। সর্বশেষ বড়পর্দায় 'মিশন মঙ্গল' নিয়ে হাজির হয়েছিলেন তিনি। এরপর ওটিটি প্ল্যাটফর্মে তার একাধিক সিনেমা মুক্তি পেলেও সেভাবে দাগ কাটতে পারেননি তিনি। প্রকাশ পাওয়া ফার্স্ট লুক পোস্টারে সবুজ শার্ট, মেরুন রঙা সোয়েটার আর বাদামি রঙা ওভারকোটে দেখা মিলল বিদ্যা বালানের। উল্লেখ্য, ২০১৪ সালে 'ববি জাসুস' সিনেমায়ও গোয়েন্দা চরিত্রে দেখা গেছে বিদ্যা বালানকে।




### ০৮ 'মিস পাকিস্তান ইউনিভার্সাল' মুকুট জিতেছেন একজন বাংলাদেশি

'মিস পাকিস্তান ইউনিভার্সাল ২০২৩' মুকুট জিতেছেন ঝিনাইদহের কোটচাঁদপুরের প্রবাসী মনির আহাম্মেদের মেয়ে কপোতাক্ষী চঞ্চলা ধারা। মনির আহাম্মেদের বাড়ি ছিল পৌর শহরের মাধ্যমিক বালিকা বিদ্যালয়পাড়ায়। কপোতাক্ষী চঞ্চলা ধারার বাবা মনির আহাম্মেদ পেশায় সাংবাদিক। তিনি করাচির দ্য ডেইলি নিউজের বার্তা সম্পাদক ছিলেন। এ ছাড়া বিবিসির হয়ে কাজ করেন। ডয়চে ভেলের সাংবাদিক ছিলেন ২০০২ থেকে ২০০৭ সাল পর্যন্ত। বর্তমানে করাচি বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনায় নিযুক্ত।

### ০৯ মাইকেল জ্যাকসনের স্টুডিওতে গান রেকর্ড করেছে 'চিরকুট' ব্যান্ড

আমেরিকার লস অ্যাঞ্জেলসে অবস্থিত হলিউডের ঐতিহাসিক ওয়েস্টলেক স্টুডিওতে গান রেকর্ড করেছে বাংলাদেশের জনপ্রিয় ব্যান্ড চিরকুট। ১২ জুন বিখ্যাত এই স্টুডিওতে গান তৈরির অভিজ্ঞতা অর্জন করে দলটি। সত্তরের দশকে তৈরি হওয়া পৃথিবীর অন্যতম বিখ্যাত এই স্টুডিওতে মাইকেল জ্যাকসন, পল ম্যাককার্টনি, ইম্যাজিন ড্রাগনস, চেইন স্মোকার, হুইটনি হিউস্টন, অ্যালানিস মরিসেট, রিয়ানা, লেডি গাগা, লানা ডেল রে, এনসিংক, ভ্যান হেলেন, জাস্টিন বিবার, আশারসহ জগদ্বিখ্যাত অনেক আর্টিস্টের অ্যালবাম রেকর্ড হয়েছে ও হচ্ছে। আজ পর্যন্ত বিশ্বের সবচেয়ে জনপ্রিয় এন্টারটেইনার, দি বিগেস্ট রকস্টার অব অল টাইম মাইকেল জ্যাকসনের 'থ্রিলার' অ্যালবামের পুরোটাই এখানে রেকর্ডিং হয়েছে।




### ১০ কলকাতার অনির্বাণ চক্রবর্তীর সিনেমায় মিথিলা

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'অভাগীর স্বর্গ' অবলম্বনে সিনেমা নির্মাণ করছেন পশ্চিমবঙ্গের লেখক ও নির্মাতা অনির্বাণ চক্রবর্তী। সিনেমার নাম 'ও অভাগী'। এতে মুখ্য চরিত্রে অভিনয় করবেন বাংলাদেশের অভিনেত্রী রাফিয়াদ রশিদ মিথিলা। ইতিমধ্যে সিনেমাটির ফাস্ট লুক প্রকাশ করা হয়েছে যেখানে মিথিলাকে ভিন্নভাবে দেখা গেছে। সিনেমাটির অনান্য চরিত্রে অভিনয় করেছেন সায়ন ঘোষ, সুব্রত দত্ত, দেবযানী চট্টোপাধ্যায় প্রমুখ।







**১১ নেটফ্লিক্সের রেস্তোরাঁয় ব্রিটিশ-বাংলাদেশি শেফ নাদিয়ার খাবার**

রেস্তোরাঁ খুলেছে জনপ্রিয় ওটিটি প্ল্যাটফর্ম নেটফ্লিক্স। 'নেটফ্লিক্স বাইটস' নামের রেস্তোরাঁটির কার্যক্রম শুরু করেছে ৩০ জুন। যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেসে রেস্তোরাঁয় মিলবে বিশ্বের বিখ্যাত সব শেফের খাবার, যেখানে মিলবে ব্রিটিশ-বাংলাদেশি নাদিয়ার তৈরি খাবারও। ২০১৫ সালে যুক্তরাজ্যে রান্নাবিষয়ক টেলিভিশন অনুষ্ঠানগুলোর মধ্যে সবচেয়ে জনপ্রিয় 'গ্রেট ব্রিটিশ বেক অফ'-এ বিলেতি রীতির কেক বানিয়ে বিজয়ীর মুকুট ছিনিয়ে নিয়েছিলেন নাদিয়া। পরের বছর ২০১৬ সালে রানি দ্বিতীয় এলিজাবেথের ৯০তম জন্মবার্ষিকীতে কমলালেবুর দই দিয়ে কেক তৈরি করে গড়েন ইতিহাস।

**১২ কোক স্টুডিও বাংলার সঙ্গে যুক্ত হলেন ফুয়াদ**

কোক স্টুডিও বাংলার দ্বিতীয় মৌসুমের নতুন গান 'দেওয়ানা' প্রকাশিত হয় ২৪ জুন। ঈদকে কেন্দ্র করে গানটি রিলিজ করা হয়। গানটির সুফী অংশটুকু গেয়েছেন মুর্শিদাবাদীখ্যাত সৌম্যদীপ শিকদার। এছাড়াও 'দেওয়ানা' গানে কণ্ঠ দিয়েছে তাসফিয়া ফাতিমা ও সূচনা শেলী। পপ-ফোকের সংমিশ্রণে তৈরি গানটি লিখেছেন দুজন গীতিকার, যাদের একজন পশ্চিমবঙ্গের কবি। গানটির সংগীতায়োজন করেছেন বাংলাদেশের জনপ্রিয় সংগীতায়োজক ফুয়াদ আল মুক্তাদির।




**১৩ একই ফ্রেমে অর্ণব-অরিজিৎ**

২০ জুন বিকেলে শায়ান চৌধুরী অর্ণব তার ফেসবুক পেজ থেকে একটি সেলফি শেয়ার করেন। সেখানে দেখা যায় অরিজিৎ সিং ফোন উঁচিয়ে ফ্রেমবন্দী করেছেন বাংলাদেশের অর্ণবকে। তারপর নতুন এক জল্পনার শুরু হয়েছে ওপার ও এপার বাংলার শ্রোতাদের মধ্যে। দুজনেই দুই বাংলায় বেশ জনপ্রিয়। অর্ণব আর অরিজিৎ জুটিকে যুগলবন্দী হতে দেখা যাবে কোক স্টুডিও বাংলার মঞ্চে? নাকি অন্য কোথাও এই দু'জনকে একসঙ্গে দেখতে ও শুনতে পাবে শ্রোতারা? এ বিষয়ে যদিও বিস্তারিত কিছু বলেননি অর্ণব। সময়ই বলে দিবে এই প্রশ্নের উত্তর।




**১৪ এবার বাবা শাহরুখের সিনেমায় সুহানা খান**

'দ্য আর্চিজ' দিয়ে বলিউড অভিষেকের অপেক্ষায় আছেন শাহরুখকন্যা সুহানা খান। প্রথম ছবি মুক্তির আগেই এলো তার দ্বিতীয় সিনেমার খবর। ভারতীয় সংবাদমাধ্যম পিংকভিলা জানিয়েছে এবার বাবা শাহরুখ খানের প্রযোজনা সংস্থা রেড চিলিস এন্টারটেইনমেন্টের সিনেমায় দেখা যাবে সুহানাকে। জোয়া আখতারের পরিচালনায় সুহানার 'দ্য আর্চিজ' মুক্তি পাবে নেটফ্লিক্সে। তবে শাহরুখের প্রযোজিত সুহানার দ্বিতীয় সিনেমাটি ওটিটিতে নয়, মুক্তি পাবে প্রেক্ষাগৃহে। নাম ঠিক না হওয়া ছবিটি পরিচালনা করবেন 'পাঠান' পরিচালক সিদ্ধার্থ আনন্দ।




**১৫ বিশ্বসেরা 'কুমারী'র খেতাব জিতলেন উর্বশী রাউতেলা**

বিশ্বের সেরা 'কুমারী'র খেতাব জিতে সংবাদের শিরোনাম হলেন উর্বশী রাউতেলা। 'আইডবলিওএম বাজ অ্যাওয়ার্ড'-এর বিচারকদের মতে, এই মুহূর্তে উর্বশীই হচ্ছেন পুরো বিশ্বের সেরা বিবাহযোগ্য নারী! শুধু এই সম্মান নয়, সঙ্গে উর্বশীকে গ্লোবাল সুপারস্টার অ্যাচিভার সম্মানেও সম্মানিত করা হয়। নিজের ইনস্টাগ্রামে খুশির সংবাদটি শেয়ার করেছেন উর্বশী নিজেই।